গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) শাখা
www.mor.gov.bd

বিষয়ঃ ঢাকা ক্যান্টনমেন্ট-কোলকাতা-ঢাকা ক্যান্টনমেন্ট রুটে "মৈত্রী এক্সপ্রেস", খুলনা-কোলকাতা-খুলনা রুটে "বন্ধন এক্সপ্রেস" এবং ঢাকা ক্যান্টনমেন্ট-নিউজলপাইগুড়ি-ঢাকা ক্যান্টনমেন্ট রুটে "মিতালী এক্সপ্রেস" ট্রেন চলাচলের বিষয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ হুমায়ুন কবীর, সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২০ মার্চ ২০২২ |
| সময় | : | বিকাল ০৪:০০ টা |
| স্থান | : | সভাকক্ষ (কক্ষ নং- ৯৩০), রেলভবন, ঢাকা |

**সভার উপস্থিতি:** সভায় বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা/প্রশাসন/), স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন/এমএন্ডসিপি/ আরএস/অর্থ), বাংলাদেশ রেলওয়ের মহাব্যবস্থাপক (পশ্চিম/পূর্ব), রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৪), বাংলাদেশ রেলওয়ের যুগ্মমহাপরিচালক (অপারেশন), পরিচালক (ট্রাফিক/পরিবহন), ডিআরএম (ঢাকা/পাকশী), ডিএমও (ঢাকা)সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেয়া হলো।

২। **সভার প্রারম্ভিক আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি বলেন, কোভিড-১৯ সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় ভারত-বাংলাদেশ-এর মধ্যে চলাচলরত যাত্রীবাহী ট্রেন গত ১৫ মার্চ ২০২০ তারিখ হতে সাময়িকভাবে স্থগিত করা হয়। বর্তমানে কোভিড পরিস্থিতির উন্নতি হওয়ায় ভারত-বাংলাদেশ-এর মধ্যে চলাচলরত আন্ত:দেশীয় ট্রেন চলাচলের উদ্যোগ গ্রহণ করার লক্ষ্যে ট্রেন পরিচালনায় সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে অনুরোধ জানান।

২.১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় সভায় জানান, কোভিড-১৯ পরিস্থিতি উন্নতি হওয়ায় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরামর্শে গত ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ রেলওয়ের পক্ষ হতে ঢাকা ক্যান্টনমেন্ট-কোলকাতা-ঢাকা ক্যান্টনমেন্ট রুটে "মৈত্রী এক্সপ্রেস", খুলনা-কোলকাতা-খুলনা রুটে "বন্ধন এক্সপ্রেস" এবং ঢাকা ক্যান্টনমেন্ট-নিউজলপাইগুড়ি-ঢাকা ক্যান্টনমেন্ট রুটে "মিতালী এক্সপ্রেস" ট্রেন পরিচালনার বিষয়ে ভারতীয় রেলওয়ের মতামত চাওয়া হয়। সে পরিপ্রেক্ষিতে উক্ত ৩(তিন)টি রুটে চলাচলকারী ট্রেনসমূহ পরিচালনার করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত অদ্যকার সভায় সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন।

২.২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে সভায় জানান, আন্তর্জাতিক যাত্রী সাধারণের যাতায়াতের ক্ষেত্রে ভারতীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে একটি কোভিড প্রোটোকল নির্ধারণ করা হয়েছে। উক্ত কোভিড প্রোটোকল ১৫.০৩.২০২২ তারিখের পত্রের মাধ্যমে বাংলাদেশ রেলওয়ের নিকট প্রেরণ করা হয়। তিনি সভায় ভারতীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে জারীকৃত কোভিড প্রোটোকল সংক্রান্ত নির্দেশনাটি উপস্থাপন করেন। এই নির্দেশনা অনুযায়ী ভ্রমণকারী ব্যক্তির ৭২ ঘন্টা পূর্বের PCR পরীক্ষার ফলাফল অথবা ২ ডোজ কোভিড ভ্যাক্সিন গ্রহণ সনদ থাকা বাধ্যতামূলক। ৫ বছর পর্যন্ত শিশুর সনদ প্রয়োজন নেই। তবে ৬-১২ বছর বয়স্ক যাত্রীদের ভ্রমণ সংক্রান্তে কোভিড প্রোটোকল বিষয়ে কোন নির্দেশনা নেই। তিনি বাংলাদেশের কোভিড প্রোটোকল কি হতে পারে তা ভারতীয় রেলওয়েকে অবহিত করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন।

২.৩। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ সভায় জানান যে, আন্তর্জাতিক ভ্রমণের ক্ষেত্রে বাংলাদেশের কোভিড প্রোটোকল সংক্রান্ত নির্দেশনা স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড রয়েছে।

২.৪। মহাপরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয় সভায় জানান, বর্তমানে ভারত ভ্রমণের ক্ষেত্রে শুধুমাত্র বিমানপথে চিকিৎসা সংক্রান্ত ভিসা ইস্যু করা হচ্ছে। সড়ক ও রেলপথে কোন ধরণের ভিসা ইস্যু করা হচ্ছে না। বর্তমানে বিমান ভাড়া বেশ ব্যয়বহুল হওয়ায় চিকিৎসা ও পর্যটনসহ সকল ক্ষেত্রে রেলপথে ভিসা ইস্যু করা হলে সাধারণ জনগণ উপকৃত হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন।

২.৫। বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব, জননিরাপত্তা বিভাগের উপসচিবসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ সার্বিক পরিস্থিতি পর্যালোচনাক্রমে যথাসম্ভব দ্রুত সময়ের মধ্যে ভারত-বাংলাদেশ-এর মধ্যে চলাচলরত আন্ত:দেশীয় ট্রেনসমূহ পরিচালনার পক্ষে মতামত ব্যক্ত করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র:নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **ট্রেনে ভারত ভ্রমণের ক্ষেত্রে ভিসা ইস্যুকরণ:**<br>ভারত ভ্রমণের ক্ষেত্রে সড়ক/বিমান পথে যাতায়াতের জন্য ভিসা প্রাপ্তদেরকে রেলপথে ভ্রমণের অনুমতি প্রদানসহ ভবিষ্যতে ইস্যুকৃত ভিসায় রেলপথ অন্তর্ভুক্ত করে ভিসা ইস্যুর বিষয়ে অনুরোধ জানিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশকে পত্র প্রেরণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | ভারত ভ্রমণের ক্ষেত্রে সড়ক/বিমান পথে যাতায়াতের জন্য ভিসা প্রাপ্তদেরকে রেলপথে ভ্রমণের অনুমতি প্রদান এবং ভবিষ্যতে ইস্যুকৃত ভিসায় রেলপথ অন্তর্ভুক্ত করে ভিসা ইস্যুর বিষয়ে অনুরোধ জানিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশকে পত্র প্রেরণ। | রেলপথ মন্ত্রণালয়। |
| ২ | **কোভিড প্রোটোকল সংক্রান্ত:**<br>উভয় দেশের কোভিড প্রোটোকল পর্যালোচনাপূর্বক ট্রেন পরিচালনায় নিযুক্ত কর্মীদের এবং ৬-১২ বছর বয়স্ক যাত্রীদের গমণাগমণের বিষয়ে কর্মপদ্ধতি নির্ধারণের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে ভারতীয় রেলওয়ের সাথে পত্র যোগাযোগের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | উভয় দেশের কোভিড প্রোটোকল পর্যালোচনাপূর্বক ট্রেন পরিচালনায় নিযুক্ত কর্মীদের এবং ৬-১২ বছর বয়স্ক যাত্রীদের গমণাগমণের বিষয়ে কর্মপদ্ধতি নির্ধারণের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে ভারতীয় রেলওয়ের সাথে পত্র যোগাযোগ করবেন। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/02/2022

(ড. মোঃ হুমায়ুন কবীর)
সচিব
রেলপথ মন্ত্রণালয়

নং- ৫৪.০০.০০০০.০৪১.১৮.০২০.২১-৭৯

তারিখঃ ০৬ চৈত্র ১৪২৮ / ২০ মার্চ ২০২২

বিতরণ- (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব/সচিব পররাষ্ট্র মন্ত্রণালয় সেগুনবাগিচা, ঢাকা/ জননিরাপত্তা বিভাগ/ সুরক্ষা সেবা বিভাগ/ স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা|

০২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা|

০৩। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

০৪। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

০৫। অতিরিক্ত মহাপরিচালক (সকল) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

০৬। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।

০৭। ডিআরএম (ঢাকা/পাকশী), বাংলাদেশ রেলওয়ে, কমলাপুর, ঢাকা/পাকশী।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

২. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২০/৩/২২

(মীর আলমগীর হোসেন)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩১১

**সভার বিষয়** : আগামী ২৬ মার্চ ২০২২ তারিখ হতে ঢাকা ক্যান্টনমেন্ট-কোলকাতা-ঢাকা ক্যান্টনমেন্ট রুটে [illegible] এক্সপ্রেস, খুলনা-কোলকাতা-খুলনা রুটে বন্ধন এক্সপ্রেস এবং ঢাকা ক্যান্টনমেন্ট-নিউজলপাইগুড়ি-ঢাকা ক্যান্টনমেন্ট রুটে মিতালী এক্সপ্রেস ট্রেন চলাচলের বিষয়ে আন্ত:মন্ত্রণালয় সভা

**সভার সভাপতি** : ড. মো: হুমায়ুন কবীর, সচিব, রেলপথ মন্ত্রণালয়।

**সভার তারিখ, সময় ও স্থান** : ২০ মার্চ ২০২২; বিকাল ০৪:০০ ঘটিকায়; রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ ( কক্ষ নং ৯৩০)

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর ও ই মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | মোঃ হাবিবুর রহমান অতিরিক্ত সচিব | রেলপথ মন্ত্রণালয় | 01711[illegible] rahmanmd.habibur720@gmail.com | [signature] 20/03/2022 |
| ০২। | ড. [illegible] চন্দ্র বিশ্বাস অতিরিক্ত সচিব | MOR | 01711389522 | [signature] 20/03/2022 |
| ০৩। | জালাল উদ্দিন আহমেদ যুগ্ম সচিব | MOR | — | [signature] 20/03/2022 |
| ০৪। | এ কে এম আব্দুল্লাহ আল [illegible] | BR | 01711505304 | [signature] 20[illegible] |
| ০৫। | তাহমিনা রহমান চৌধুরী, উপসচিব | সুরক্ষা সেবা বিভাগ | 01716393113 sa_jail@ssd.gov.bd | [signature] 20/03/22 |
| ০৬। | মোহাঃ ওলিদ মাইনুল আমিন উপসচিব | জননিরাপত্তা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয় | 01715201314 ps18@mhapsd.gov.bd | [signature] 20.03.22 |
| ০৭। | রবিউল হক [illegible] | [illegible] | 01918996792 | [signature] 20/03/22 |
| ০৮। | হোসাইন আলী খোন্দকার অতি: সচিব [illegible] | [illegible] | 01712400695 hossainali5951@gmail.com | [signature] 20/03/22 |

**বাংলাদেশ রেলওয়ে:**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | ডি এন মজুমদার<br>DG/BR | B.Railway | | 20/3/2022 |
| ০২। | মো: আমিনুর রহমান<br>এডিজি(আর)/ প্রশা | বা. রেল | ০১৭১১৫০৫৮০৬ | 20/3/22 |
| ০৩। | মোঃ মঞ্জুর-উল-আলম চৌধুরী<br>ADG(RS) | BR | 01711525302 | 20/3/2016 |
| ০৪। | সরদার সাহাদাত আলী<br>ADG/OP | বিরেল | 01711505370 | |
| ০৫। | অসীম কুমার তালুকদার<br>GM(W) | BR | 01711505309 | |
| ০৬। | মোঃ শাহীদুল ইসলাম<br>DRM, PKC | BR | 01711506130 | |
| ০৭। | মোহাম্মদ শফিকুর রহমান<br>ডিআরএম, ঢাকা | বিরেল | 01711506137 | 20/3/22 |
| ০৮। | মো: সুজিত কুমার রায়<br>চি এস টি ই (পশ্চিম) | BR | 01711506121 | 20/3/22 |
| ০৯। | এ এফ এম সালাহ উদ্দিন<br>জেটিভি (ওপি) (অ:দা:) | BR | 01711506109. | 20/03/2022 |
| ১০। | মোঃ মিজানুর রহমান<br>পরিচালক ট্রাফিক (পরিবহন) | BR | 01711691613 | 20/3/22 |
| ১১। | ডা: বিপ্লব দাস<br>ডি.এম. (ঢাকা) | BR | 01711692809 | 20/03/22 |
| ১২। | ~~মোঃ শাহিদুল আলম~~<br>সিনিয়র তথ্য অফিসার | MOR | 01711691053 | 20/03/22 |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | আতিকুর রহমান মিল্কী<br>DSTB/ T/ DA | BR | 01709999092 | [signature]<br>20.06.2022 |
| ১৪। | মুহাম্মদ হোসেন আহমদ<br>PS to DG | BR | 01711691633 | [signature] |
| ১৫। | | | | |